সংবাদ

দি: 26 APR 2003
পৃঃ ৭ ক: ৩

# ঠাকুরগাঁওয়ে উপবৃত্তির টাকা তুলতে এসে মাদ্রাসার ২ ছাত্রী নিখোঁজ

ঠাকুরগাঁও থেকে জেলা বার্তা পরিবেশক ঃ ঠাকুরগাঁওয়ের পল্লী থেকে শহরে উপবৃত্তির টাকা তুলতে এসে মাদ্রাসার ২ ছাত্রী নিখোঁজ হয়েছে। ঘটনাটিতে এলাকায় চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে।

জানা গেছে, ঠাকুরগাঁও সদর উপজেলার ভুল্লী সিংগিয়া ইসলামিয়া দাখিল মাদ্রাসার ৮ম শ্রেণীর ছাত্রী মোছা. লিউলি বানু (১২) ও ৭ম শ্রেণীর ছাত্রী লাকী বানুসহ (১১) ৫ ছাত্রী ১১ই এপ্রিল সকালে ঠাকুরগাঁও শহরের একটি ব্যাংক থেকে উপবৃত্তির টাকা উত্তোলনের জন্য তাদের বাড়ি ছোট বালিয়া গ্রাম থেকে রওনা দেয়। যথারীতি টাকা উত্তোলনের পর দুপুরে তারা একসঙ্গে বাসযোগে নিজ নিজ বাড়িতে রওনা দেয়। কিন্তু লিউলি বানু ও লাকী বানু চৌধুরীহাট নামক স্থানে তাদের মামাবাড়ি বিন্দিকাটা গ্রামে যাওয়ার নাম করে বাস থেকে নেমে পড়ে এবং সেই থেকে নিখোঁজ হয় ওই ২ ছাত্রী। ৪ দিন পরও তারা বাড়িতে না ফেরায় ১৫ই এপ্রিল তাদের উভয়ের বাবা মো. আকতার হোসেন তারা ও মো. মোশারফ হোসেন ঠাকুরগাঁও থানায় একটি সাধারণ ডায়েরি করে। এ রিপোর্ট লেখা পর্যন্ত নিখোঁজ ২ ছাত্রীকে পুলিশ উদ্ধার করতে পারেনি।

## পীরগঞ্জের অপহৃত নবম শ্রেণীর ছাত্রী প্রায় দেড় মাসেও উদ্ধার হয়নি

পীরগঞ্জের অপহৃত নবম শ্রেণীর ছাত্রী দীর্ঘ ১ মাসেও উদ্ধার হয়নি। অন্যদিকে আসামিরা মামলা তুলে নেয়ার জন্য বাদিকে চাপ ও হুমকি দিচ্ছে।

ঠাকুরগাঁও জেলার পীরগঞ্জ উপজেলার সাগুনি গ্রামের বীরেন্দ্রনাথের স্কুলপড়ুয়া মেয়ে ৯ম শ্রেণীর ছাত্রী ললীতা রানীকে গত ১১ই মার্চ একই গ্রামের হরি দাসের ছেলে ২ সন্তানের জনক নরেন্দ্রনাথ অপহরণ করে নিয়ে যায়। বিয়েতে রাজি না হওয়ায় তাকে অপহরণ করা হয়। এ ব্যাপারে ললিতার পিতা-কানু দাসসহ ৫ জনকে আসামি করে একটি মামলা দায়ের করেন। পুলিশ দীর্ঘ ১ মাস পরও আসামিদের গ্রেফতার করতে পারেনি। সেই সঙ্গে উদ্ধার করতে পারেনি অপহৃতা ললিতা রানীকে। অভিযোগ উঠেছে, মামলার আসামিরা গ্রেফতার না হওয়ায় বাদিকে মামলা তুলে নেয়ার জন্য হুমকি দিচ্ছে।